গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৭৬ তারিখ : ১৩ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ।

# স্থায়ী কমিটির সভার নোটিশ ঃ

এতদ্বারা অত্র উপজেলার উপজেলা মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ১৮ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় ঃ
১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত।
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

প্রাপক
জনাব...........................................................
..................................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

সদস্য সচিব
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটি
ও
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উপ্রাসঅ/নাগ/কুড়ি/২০২৫/ তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
২। উপজেলা নিবার্হী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৩। অফিস কপি।

স্বাক্ষরিত
সদস্য সচিব
উপজেলা মৎস্য ও প্রাণিম্পদ বিষয়ক কমিটি
ও
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা মৎস্য ও প্রাণী বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

তারিখ ঃ ১৮ মার্চ ২০২৫ খ্রিঃ, সময় ঃ সকাল ১১.০০ টা

স্থান ঃ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | সভাপতি | | |
| ২ | চেয়ারম্যান, রামখানা ইউনিয়ন, নাগেশ্বরী কুড়িগ্রাম। | সদস্য | | |
| ৩ | চেয়ারম্যান, কালীগঞ্জ ইউনিয়ন, নাগেশ্বরী কুড়িগ্রাম। | সদস্য | | |
| ৪ | উপজেলা মৎস্য অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য | | |
| ৫ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য সচিব | | |

**আলোচ্য বিষয় ঃ**

১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত।
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ-**

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা প্রাণিসম্পদ অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত ঃ গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

২ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান যে, ছাগলের পিপিআর রোগ নির্মূল প্রকল্পের গাইডলাইন অনুযায়ী অর্থ ব্যয় করা হবে এবং তা আগামী সমন্বয় সভায় উপস্থাপন করা হবে। অতপর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন।

৩ নং বিষয়ে আলোচনা শুরু হলে তিনি জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান অত্র উপজেলায় বিভিন্ন প্রজাতির গাভী আছে এগুলো নিয়ে প্রর্দশনী করা হলে গাভী পালনে খামারিরা আরো বেশি আগ্রহী হবে। প্রদর্শনী আয়োজনের প্রক্রিয়া চলমান আছে। বর্তমানে ছাগলের পিপিআর রোগ নির্মূল করা প্রকল্প গ্রহণ করা হয়েছে। এছাড়া তিনি জানান যে সকল গরু জলাতঙ্ক রোগে মারা যাবে তাদের প্রনোদণা দেওয়া হবে। তিনি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, রামখানা ইউপি জানান যে, মৎস্য, গবাদিপশু খামারিদের সঠিক নির্দেশনা ও প্রয়োজনীয় সহযোগিতা অব্যাহত রাখতে হবে যাতে তারা কোন ভাবেই আর্থিক ক্ষতির সম্মুখীন না হয়।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষনা করেন।



প্রশাসক
উপজেলা পরিষদ
নাগেশ্বরী, কুড়িগ্রাম